

বরাবর

মাননীয় মন্ত্রী মহোদয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

তারিখ: ১৮/১০/২০২৬

ডায়েরী নং..... ২৯১২/২০  
তারিখ..... ২৯/১০/২০  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন  
ও সমবায় মন্ত্রণালয়  
(মন্ত্রীর দপ্তর)

বিষয়ঃ চাকুরীতে পুনঃবহাল ও বেতন ভাতাদি প্রদান আদেশের জন্য আপীল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, আমরা নিম্ন স্বাক্ষরকারীগণ পাবনা জেলার, বেড়া পৌরসভার ১০ জন ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী। বেড়া পৌরসভা কর্তৃক চাকুরীর সকল নিয়ম কানুন অনুসরণ করেই আমাদের অর্থাৎ ১০ জন কর্মচারীকে পৌরসভার বিভিন্ন পদে নিয়োগ/নিয়োগ পত্র দান করেন। উক্ত নিয়োগ পত্রের আলোকে তখন থেকেই আমরা সকলেই ৫-২০ বছর ধরে স্ব স্ব পদে দায়িত্বে থেকে আসছি। আমাদের দায়িত্ব পালন করে আসছিলাম। এমনকি বর্তমান মেয়র ও পরিষদ গত ৩০/১২/২০২১ খ্রি. তারিখে দায়িত্ব নেওয়ার পরও আমরা আমাদের দায়িত্বে কর্মরত ছিলাম এবং যথানিয়মে জুন/২০২২ পর্যন্ত বেতন ভাতাদি ও অন্যান্য সুযোগ-সুবিধা পেয়েছি। এখানে উল্লেখ্য হঠাৎ করেই বর্তমান মেয়র গত জুলাই/২০২২ থেকে আমাদের কোন কিছু অবগত না করেই আমাদের বেতন ভাতাদি স্থগিত করেছেন। পরবর্তী সময়ে আমরা মেয়র মহোদয়ের নিকট বিষয়টি জানতে চাইলে তিনি আমাদের মৌখিক ভাবে জানান আপনাদের সকলের চাকুরীর নিয়োগ সঠিক নেই বা আপনাদের নিয়োগের ব্যক্তিগত নথি সঠিক নেই। এ কারণে আপনাদের বেতন-ভাতাদি স্থগিত রাখা হয়েছে এবং এ ব্যাপারে বিস্তারিত জানিয়ে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পরবর্তী নির্দেশনা চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে কোন নির্দেশনা না পাওয়ায় আমরা গত ১৫ মাস এমনকি রমজান ও ঈদের সময়েও বিনা বেতনে পৌরসভায় স্ব স্ব পদে কর্মরত ছিলাম। এরপর আবারও গত রমজান ও পবিত্র ঈদুল ফিতর ঈদের পর একবোরেই আকস্মিক ভাবে গত ২৫/০৪/২০২৩ খ্রি. তারিখ যথাসময়ে আমরা অফিসে উপস্থিত হলে পৌর নিরাপত্তা কর্মী আমাদেরকে মৌখিক ভাবে পৌরসভা থেকে বের করে দেন। সে থেকে আমরা পরিবার পরিজন নিয়ে মানবেতর জীবন যাপন করছি। যা অত্যন্ত স্পর্শকাতর ও অমানবিক।

এমতাবস্থায় আপনার নিকট আমাদের বিনীত আকুল আবেদন যেহেতু পৌর কর্তৃপক্ষ সকল নিয়ম কানুন অনুসরণ করেই আমাদের নিয়োগ পত্র প্রদান করেন, সেহেতু আমাদের চাকুরীর ব্যক্তিগত নথি পৌরসভার দায়িত্বেরত কর্মকর্তা/কর্মচারীর নিকট সংরক্ষিত থাকে। সুতরাং কেন আমাদের চাকুরীর ব্যক্তিগত নথি সঠিক নেই সেটি আমাদের কোন দ্রুতি বলে আমরা মনে করি না। সেটি দায়িত্বেরত কর্মকর্তা/কর্মচারীর দ্রুতি। সুতরাং মানবিক দিক সুবিবেচনা করে আমাদের চাকুরীতে পুনঃবহাল ও বেতন ভাতাদি প্রদানের আদেশ দানে আপনাকে সবিনয়ে অনুরোধ করছি।

স্থানীয় সরকার বিভাগ  
সচিবের দপ্তর

১) অতিরিক্ত সচিব	২) সচিব
২) মহাপরিচালক	৩) সিনিয়র সচিব
৩) মুদ্রাধিকারী	৪) সিনিয়র সচিব (পল্লী)
৪) মুদ্রাধিকারী (পরিকল্পনা)	৫) উপজেলা অফিসার
	৬) ইউনি অফিসার
	৭) অফিস অফিসার
	৮) সিনিয়র অফিসার

তারিখ : ১৮/১০/২০২৬

বিনীত










পাবনা জেলার বেড়া পৌরসভার  
১০ জন কর্মচারীর পক্ষে।

(মোঃ সাইফুল ইসলাম)  
সহকারী লাইব্রেরিয়ান

০২

৩০/১০/২০

১) উপ-সচিব (সি.এ.সি.)  
২) উপ-সচিব (সি.এ.সি.)  
৩) উপ-সচিব (পৌর-১/২)

ক্রমিক নং	কর্মচারীর নাম	পদবী	স্বাক্ষর
০১	মোঃ সাইফুল ইসলাম	সহকারী লাইব্রারিয়ান	
০২	মোঃ শরিফুল ইসলাম	কার্য সহকারী	
০৩	সঞ্জয় কুমার দত্ত	সহকারী পাম্প চালক কাম গার্ড	
০৪	মোঃ আব্দুল মাজেদ	পাম্প চালক	
০৫	মোঃ জহুরুল ইসলাম (দুলাল)	বিদ্যুৎ হেল্পার	
০৬	মোঃ আরিফুল ইসলাম	রোড রোলার চালক	
০৭	মোঃ ওমর ফারুক	ট্রাক হেল্পার	
০৮	মোছাঃ কোহিনুর সুলতানা	নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর	
০৯	মোছাঃ জান্নাত আরা খাতুন	টিকাদান কারী (মহিলা)	
১০	মোছাঃ রুখসানা ইয়াসমিন	টিকাদান কারী (মহিলা)	